যুগান্তর
প্রিন্ট: ১০ আগস্ট ২০২৫, ১০:২৮ এএম

শিক্ষাঙ্গন

# ঢাবিতে ছাত্রদলের হল কমিটিতে বিতর্কিতরা, তদন্তে ৩ সদস্যের কমিটি

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৮ আগস্ট ২০২৫, ১০:২৮ পিএম




X

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ১৮টি হলে নতুন কমিটি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। শুক্রবার (৮ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮টি হল শাখার আহ্বায়ক কমিটি এক বছরের জন্য অনুমোদন করেছেন ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস এবং সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন।

নতুন কমিটিতে বিতর্কিতদের পদায়ন করার অভিযোগ উঠেছে। বিষয়টি খতিয়ে দেখতে ঢাবি শাখার সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক মো. নাছির উদ্দিন শাওন এবং সাংগঠনিক সম্পাদক মো. নূর আলম ভূঁইয়া ইমনকে কমিটির সদস্য করে তদন্ত কমিটি গঠন করেছে শাখা ছাত্রদল। তাদের আগামী ৩ কার্যদিবসের মধ্যে লিখিত তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এ ব্যাপারে ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস বলেন, সংগঠনের কমিটি গঠন প্রক্রিয়াতে একই পদের জন্য একাধিক যোগ্য কর্মী থাকার কারণে সকলকে তার কাঙ্ক্ষিত পদে দায়িত্ব দেওয়া সম্ভব হয়ে ওঠে না। নবপ্রকাশিত কমিটিতে পদায়িত কেউ যদি অনৈতিক কার্যক্রমে যুক্ত থাকেন কিংবা সদস্য ফরম ও কমিটি গঠন প্রক্রিয়ায় তথ্য গোপন করে থাকেন তবে তাদের বিরুদ্ধে যথাযথ তদন্তপূর্বক সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

ঢাবি ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন গণমাধ্যমকে বলেন, গত সেপ্টেম্বর-অক্টোবর থেকে যারা আমাদের প্রাথমিক সদস্য পদ পূরণ করে আমাদের সঙ্গে থেকেছে এবং অভ্যুত্থানের আগেও আমাদের সঙ্গে সম্পৃক্ত ছিল, তাদেরকে আমরা কমিটিতে রাখার চেষ্টা করেছি। এরপরও যদি কেউ পরিচয় গোপন করে থাকে, তাহলে আমরা সে বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নেব। আমরা ইতোমধ্যেই তদন্ত কমিটি গঠন করেছি।

X